

## 💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১১৬. কত বছর বয়সে মেয়েদের হায়েয শুরু এবং শেষ হয়?

এ বিষয়েও হাদীসে কোন বর্ণনা পাওয়া যায় না। তবে বাংলাদেশ ও এর পার্শ্ববর্তী দেশগুলোতে বেশির ভাগ মেয়েদের হায়েয শুরু হতে দেখা যায় ১৩ থেকে ১৫ বছর বয়সের মধ্যে। দক্ষিণপূর্ব এশিয়ার দেশগুলোতে ক্ষেত্রবিশেষে সর্বনিম্ন ৯ বছর বয়সেও শুরু হয় । এটা আগে পরে শুরু হওয়া নির্ভর করে দেশের আবহাওয়া ও পরিবেশ এবং মেয়েটির স্বাস্থ্যের উপর । যেদিন থেকে হায়েয শুরু হবে সেদিন থেকে সে হবে প্রাপ্ত বয়স্কা। আর তখন থেকে তার উপর নামায রোযা ফরয হয়ে যায় । অপরদিকে হায়েযের চলমান অবস্থা সর্বোচ্চ পঞ্চান্ন বছর বয়স পর্যন্ত হয়ে থাকতে পারে। এটাও তার স্বাস্থ্য ও পরিবেশের উপর নির্ভর করে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=12855

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন